

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন্স্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.motj.gov.bd

বিষয় : বন্স্র ও পাট মন্ত্রণালয়ে ০৮-০৮-২০১৭ তারিখ অনুষ্ঠিত মন্ত্রণালয় ও বিভাগসমূহের ইনোভেশন বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : গোতম কুমার ভট্টাচার্য, বন্স্র ও পাট মন্ত্রণালয়।
স্থান : বন্স্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ, কক্ষ নং ৭০৮-৭১০।
তারিখ ও সময় : ০৮-০৮-২০১৭, তারিখ, ১০:০০ টা।
সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা (পরিশিষ্ট-ক)

বন্স্র ও পাট মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এবং এর অধীন বিভিন্ন দপ্তর/সংস্থার ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ উপস্থিত সকলকে স্বাগত জানান। সভায় মন্ত্রণালয় ও বিভাগসমূহের ইনোভেশন বিষয়ে মন্ত্রণালয় ও দপ্তর সংস্থা ভিত্তিক নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্রঃনং	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	বন্স্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা ইনোভেশন টিমের মাসিক সভা।	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেশম গবেষণা ইনসিটিউট এবং পাট অধিদপ্তরের ইনোভেশন সভার কার্যবিবরণী পাওয়া গেছে।	বন্স্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয় প্রেরণ করতে হবে। এ ছাড়া প্রতি মাসের দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সভায় মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের প্রতিনিধি-কে আমন্ত্রণ জানাতে হবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান ও ইনোভেশন ফোকাল পয়েন্ট।
২।	মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থার ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়ন নিশ্চিত করণ।	মন্ত্রিপরিষদ বিভাগের অর্থ বছর ভিত্তিক ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়নের নির্দেশনা রয়েছে।	বন্স্র ও পাট মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা ২০১৭-১৮ অর্থ বছরের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়ন করে আগামী ৩১/০৮/১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান ও ইনোভেশন ফোকাল পয়েন্ট।
৩।	পোষক কর্তৃপক্ষের ১৮ প্রকার সেবা প্রদানের জন্য Online one click Registration system	বর্তমানে উক্ত সেবাটি চলমান রয়েছে, তবে কিছু টেকনিক্যাল সমস্যার কারণে সেবা প্রদানে সমস্যা এখনও বিদ্যমান।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম বন্স্র পরিদপ্তর পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।	ইনোভেশন টিম, বন্স্র ও পাট মন্ত্রণালয়
৪।	SMS এর মাধ্যমে কৃষকদের নিকট থেকে সরাসরি পাট ক্রয়।	সেবাটি ব্যাপক হারে প্রচারের জন্য পাট অধিদপ্তর, বিজেএমসি ও এটুআই এর সহযোগিতায় একটি কর্মপরিকল্পনা তৈরির কাজ চলমান।	ক) সেবাটি ব্যাপক হারে প্রচারের জন্য পাট অধিদপ্তর, বিজেএমসি ও এটুআই এর সহযোগিতায় একটি কর্মপরিকল্পনা ৩১-০৮-২০১৭ তৈরি করতে হবে। খ) মন্ত্রণালয়ের ইনোভেশন টিম পাইলটিং কৃত পাট ক্রয় কেন্দ্র পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।	চেয়ারম্যান, বিজেএমসি, মহাপরিচালক পাট অধিদপ্তর, ইনোভেশন ফোকাল পয়েন্ট ও এটুআই

৫৫.৮.৭

ক্রঃনং	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৫।	বহুমুখি পাটপণ্যের Digital Jute Market Place ব্যবস্থা চালু	জেডিপিসি'র উপস্থিত কর্মকর্তা জানান যে, সফটওয়্যারটি প্রস্তুতির কাজ চলমান রয়েছে, আগামী ২০ কার্যদিবসের মধ্যে সফটওয়্যারটির একটি ডেমো প্রস্তুত সম্ভব হবে।	মন্ত্রণালয়ের আইসিটির শাখার সিস্টেম এনালিস্ট সফটওয়্যারটির ডেমো পর্যালোচনা করে মতামত দিবেন।	নির্বাহী পরিচালক, জেডিপিসি, সিস্টেম এনালিস্ট আইসিটি ও ইনোভেশন ফোকাল পয়েন্ট
৬।	ইনোভেশন প্রস্তাব আহবান ও SIP বাস্তবায়ন	মন্ত্রণালয়ের কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অনুসারে SIP বাস্তবায়নের নিমিত্ত অলোচনা করা হয়। সেবা সহজিকরণের যে কোন উদ্যোগ হলো SIP। এটুআই এর সহযোগিতায় যে সকল প্রকল্পসমূহ বাস্তবায়িত হচ্ছে সে গুলোও SIP উদাহরণ হতে পারে।	বন্স্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা সহজিকরণের উদ্যোগ সমূহের তালিকা আগামি ২৭/০৮/১৭ এর মধ্যে ইনোভেশন টিমের নিকট প্রেরণ করবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান, ইনোভেশন ফোকাল পয়েন্ট ও সিস্টেম এনালিস্ট।
৭	ইনোভেশন কার্যক্রম প্রদর্শন		দপ্তর/সংস্থার ইনোভেশন কার্যক্রমসমূহ চিফ ইনোভেশন অফিসারের উপস্থিতিতে আগামী সভায় প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	সকল দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট ও সিস্টেম এনালিস্ট

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(গোতম কুমার ভট্টাচার্য)

যুগ্ম-সচিব (পাট ৩)

চিফ ইনোভেশন অফিসার
বন্স্র ও পাট মন্ত্রণালয়।